ফ্লাই এ্যাশ (ছাই) মুক্ত
রয়েল সিমেন্ট
ফাটল ও নোনা রোধী
যোগাযোগ : কবির মঞ্জিল, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম। ০১৭০৮-১৩৪৭৯৮

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

A গ্রেড ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

শুক্রবার | ২৪ জুন ২০২২ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬২তম বর্ষ ২৮২ সংখ্যা | ১০ আষাঢ় ১৪২৯ সাল | ২৩ জিলকদ ১৪৪৩ হিজরি | ৮ পৃষ্ঠা | ৬ টাকা




*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইংরেজি বিভাগের বরণ ও বিদায় অনুষ্ঠানে ব্রিকোলাজের মোড়ক উন্মোচন করছেন অতিথিবৃন্দ*

# প্রিমিয়ার ভার্সিটি ইংরেজি বিভাগের বরণ ও বিদায় অনুষ্ঠান

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ইংরেজি বিভাগের ৪০তম ব্যাচের নবীন বরণ ও ৩৪তম ব্যাচের বিদায় অনুষ্ঠান গতকাল বৃহস্পতিবার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক এবং কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম। বিভাগের চেয়ারম্যান অধ্যাপক সাদাত জামান খানের সভাপতিত্বে ও প্রভাষক দুহিতা চৌধুরীর সঞ্চালনায় প্রধান অতিথি বিদায়ী শিক্ষার্থীদের বলেন, তোমরা স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের পাঠ সমাপন করে জীবনের বৃহৎ ক্ষেত্রে প্রবেশ করতে যাচ্ছো। এর অর্থ এই নয় যে, প্রতিষ্ঠানগুলোর সঙ্গে তোমাদের সম্পর্ক ছিন্ন হয়ে গেছে। এসব প্রতিষ্ঠান সারাজীবন তোমাদের অন্তরে গাঁথা হয়ে থাকবে। যেহেতু ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে তোমরা উচ্চশিক্ষা গ্রহণ করেছো, সুতরাং সেই বিভাগ ও বিভাগের শিক্ষকবৃন্দ তোমাদের অস্তিত্বের অভিন্ন অংশে পরিণত হয়েছে। উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, ইংরেজি সাহিত্য যুগে যুগে মানুষকে অনুপ্রেরণা যুগিয়েছে। তিনি বিদায়ী শিক্ষার্থীদের বলেন, বিদায় মানে ছাত্রজীবনের শেষ নয়, সম্পর্কেরও সমাপ্তি নয়। ইংরেজি বিভাগের জার্নাল 'ব্রিকোলাজ' এর মোড়ক উন্মোচন শেষে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 24 June 2022, Page: 3, Col: 7
https://www.edainikazadi.net/index.php?page=1&date=2022-06-24

চট্টগ্রাম শুক্রবার ২৪ জুন ২০২২

দৈনিক পূর্বকোণ

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ । । ৩৭তম বর্ষ ১২৬ তম সংখ্যা । । ১০ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ । । ২৩ জিলক্বদ ১৪৪৩ হিজরি । । Friday 24 June 2022 । । ৮ পৃষ্ঠার মূল্য ৬ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone




প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইংরেজি বিভাগের বরণ ও বিদায় অনুষ্ঠানে 'ব্রিকোলাজ'-এর মোড়ক উন্মোচন করছেন অতিথিবৃন্দ

## ইংরেজি বিভাগের অনুষ্ঠানে ভিসি ড. অনুপম সেন

# শেক্সপিয়র পৃথিবীর সর্বশ্রেষ্ঠ নাট্যকার

**প্রিমিয়ার ইউনিভার্সিটি**

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউ-নিভার্সিটির ইংরেজি বিভাগের ৪০তম ব্যাচের নবীন বরণ ও ৩৪তম ব্যাচের বিদায় উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। গতকাল বৃহস্পতিবার আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন, উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক এবং কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম। ইংরেজি বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক সাদাত জামান খানের সভাপতিত্বে ও প্রভাষক দুহিতা চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন বিদায়ী শিক্ষার্থীদের বলেন, এ বিশ্ববিদ্যালয় তোমাদের অস্তিত্বের অভিন্ন অংশে পরিণত হয়েছে। ড. অনুপম সেন বলেন, শেক্সপিয়র পৃথিবীর সর্বশ্রেষ্ঠ নাট্যকার। তাঁর হ্যামলেট, ম্যাকবেথ, রোমিও এন্ড জুলিয়েট, টেমপেস্ট, এজ ইউ লাইক ইট, টেইম অব দ্য শ্রু প্রভৃতি নাটক অত্যন্ত প্রসিদ্ধ। তাঁর নাটকগুলোর প্রতিটি চরিত্র অনন্য ও অতুলনীয়।উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বিদায়ী শিক্ষার্থীদের বলেন, বিদায় মানে ছাত্রজীবনের শেষ নয়, সম্পর্কেরও সমাপ্তি নয়।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 24 June 2022, Page: 3, Col: 2
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2022-06-24

শুক্রবার
চট্টগ্রাম
২৪ জুন ২০২২
১০ আষাঢ় ১৪২৯
২৩ জিলক্বদ ১৪৪৩
বর্ষ-১০, সংখ্যা-১৮৫

১০ বছরে
দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
টিএনটি ফোন নাম্বার: 02-334455071-6, 02-334451901-6
মোবাইল নাম্বার: 01976-022111, 01976-022333
info@phlctg.com | /parkviewhospitalctg | parkview.com.bd

শুভ সকাল
কোরবানির জন্য প্রস্তুত আছে সোয়া কোটি গবাদিপশু

দশ কথার এক কথা
বাংলাদেশ আর কারও কাছে হাত পেতে চলবে না: প্রধানমন্ত্রী

প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
www.dailypurbodesh.com
৮ পৃষ্ঠা | ৬ টাকা

চট্টগ্রামে শনাক্ত ১,২৬,৭৭০ মৃত্যু ১,৩৬২

শেষ পাতায়
মালয়েশিয়াকে ৬-০ গোলে হারাল বাংলাদেশের মেয়েরা

# শেক্সপিয়র পৃথিবীর সর্বশ্রেষ্ঠ নাট্যকার : ড. অনুপম সেন

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের ৪০তম ব্যাচের নবীনবরণ ও ৩৪তম ব্যাচের বিদায় অনুষ্ঠান ২৩ জুন সকাল ১১টায় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক এবং কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম। ইংরেজি বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক সাদাত জামান খানের সভাপতিত্বে ও প্রভাষক দুহিতা চৌধুরীর সঞ্চালনায় প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন বিদায়ী শিক্ষার্থীদের বলেন, তোমরা স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের পাঠ শেষ করে জীবনের বৃহৎ ক্ষেত্রে প্রবেশ করতে যাচ্ছো। এর অর্থ এই নয় যে, প্রতিষ্ঠানগুলোর সঙ্গে তোমাদের সম্পর্ক ছিন্ন হয়ে গেছে। এসব প্রতিষ্ঠান সারাজীবন তোমাদের অন্তরে গাঁথা হয়ে থাকবে। যেহেতু প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে তোমরা উচ্চশিক্ষা গ্রহণ করেছো, সুতরাং সেই বিভাগ ও বিভাগের শিক্ষকবৃন্দ তোমাদের অস্তিত্বের অভিন্ন অংশে পরিণত হয়েছে।

ড. অনুপম সেন ইংরেজি সাহিত্য সম্পর্কে বলেন, ইংল্যান্ড একটি ক্ষুদ্র দ্বীপ। কিন্তু সেখানে বিশ্ববিখ্যাত অনেক কবি, নাট্যকার ও ঔপন্যাসিকের জন্ম হয়েছে।



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'ব্রিকোলাজ' এর মোড়ক উন্মোচন করেন অতিথিরা

শেক্সপিয়রের জন্মও সেখানে। তিনি পৃথিবীর সর্বশ্রেষ্ঠ নাট্যকার। তাঁর হ্যামলেট, ম্যাকবেথ, রোমিও এন্ড জুলিয়েট, টেমপেস্ট, এজ ইউ লাইক ইট, টেইম অব দ্য শ্রু প্রভৃতি নাটক অত্যন্ত প্রসিদ্ধ। তাঁর নাটকগুলোর প্রতিটি চরিত্র অনন্য ও অতুলনীয়। শেক্সপিয়র যখন লিখতে শুরু করেন, তখন ইংল্যান্ডের লোকসংখ্যা ছিল ৫৫ লক্ষ। তাদের জন্য তিনি লিখতেন। বর্তমানে বিশ্বের কোটি কোটি লোক ইংরেজি ভাষায় কথা বলে ও তাঁর রচনা পাঠ করে। তাছাড়া তাঁর রচনা বিশ্বের অজস্র ভাষায় অনুবাদের মাধ্যমে ছড়িয়েও গেছে। ড. সেন কালিদাস, হাফিজ ও গ্যাটের রচনা সম্পর্কেও বক্তব্য পেশ করেন। উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, ইংরেজি সাহিত্য যুগে যুগে মানুষকে অনুপ্রেরণা যুগিয়েছে। তিনি বিদায়ী শিক্ষার্থীদের বলেন, বিদায় মানে ছাত্রজীবনের শেষ নয়, সম্পর্কেরও সমাপ্তি নয়। ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি তার শিক্ষার্থীদের মানবসম্পদ বা মানবিক মূল্যবোধসম্পন্ন মানুষ হিসেবে গড়ে তোলার চেষ্টা করে। কারণ, এ ধরনের মানুষ গড়ে না উঠলে দেশ ও সমাজের প্রকৃত উন্নয়ন হয় না। তিনি আরও বলেন, ইংরেজি ভাষা তোমরা শিখবে, কিন্তু বাংলাকে অবহেলা করে নয়। বঙ্গবন্ধু নয়াচীনে বাংলায় ভাষণ দিয়েছিলেন। প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, বৃহত্তর ভারতে ইস্ট ইন্ডিয়া কোম্পানি ব্যবসা করতে এসে ক্রমান্বয়ে এই উপমহাদেশকে নিজেদের অধীন করে নিল। তারই ফলশ্রুতিতে ইংরেজি ভাষা ও সাহিত্য এই উপমহাদেশে প্রসার লাভ করে। সভাপতির বক্তব্যে সহযোগী অধ্যাপক সাদাত জামান খান ইংরেজি বিভাগে নবীন শিক্ষার্থীদের মনোযোগ সহকারে অধ্যয়নের পরামর্শ দেন। ইংরেজি বিভাগের জার্নাল 'ব্রিকোলাজ'-এর মোড়ক উন্মোচন শেষে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 24 June 2022, Page: 2, Col: 4
https://epurbodesh.com/index.php?date=24-06-2022&page=2

চট্টগ্রাম • শুক্রবার • ২৪ জুন ২০২২ • ১০ আষাঢ় ১৪২৯ • ২৩ জিলকদ ১৪৪৩ | ৮ পৃষ্ঠা • মূল্য ৬ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৮ সংখ্যা ২৯৯ | suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত



সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH



শিল্পসাহিত্য ৩ ফুঁ বাবা সুখের ঘরে বন্যার পানি

সংবাদ ৪ জাতিকে সুস্থ রাখতে চাই তামাকমুক্ত দেশ



দেশগ্রাম ৫ পাঁচশ নারিকেল গাছ রোপণ, মাছের পোনা অবমুক্ত

বিনোদন ৬ নিজেকে নিয়ে আড়ালে আছি: মৌসুমী




প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইংরেজি বিভাগের বরণ ও বিদায় অনুষ্ঠানে 'ব্রিকোলাজ' এর মোড়ক উন্মোচন

# শেক্সপিয়র পৃথিবীর সর্বশ্রেষ্ঠ নাট্যকার

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের ৪০তম ব্যাচের নবীন বরণ ও ৩৪তম ব্যাচের বিদায় উপলক্ষে অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। বৃহস্পতিবার সকাল ১১টায় আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক এবং কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম। ইংরেজি বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক সাদাত জামান খানের সভাপতিত্বে ও প্রভাষক দুহিতা চৌধুরীর সঞ্চালনায় এই অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন বলেন, ইংল্যান্ড একটি ক্ষুদ্র দ্বীপ। কিন্তু সেখানে বিশ্ববিখ্যাত অনেক কবি, নাট্যকার ও ঔপন্যাসিকের জন্ম হয়েছে। শেক্সপিয়রের জন্মও সেখানে। তিনি পৃথিবীর সর্বশ্রেষ্ঠ নাট্যকার। তার হ্যামলেট, ম্যাকবেথ, রোমিও অ্যান্ড জুলিয়েট, টেমপেস্ট, এজ ইউ লাইক ইট, টেইম অব দ্য শ্রু প্রভৃতি নাটক অত্যন্ত প্রসিদ্ধ। তার নাটকগুলোর প্রতিটি চরিত্র অনন্য ও অতুলনীয়। উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, ইংরেজি সাহিত্য যুগে যুগে মানুষকে অনুপ্রেরণা যুগিয়েছে। তিনি বিদায়ী শিক্ষার্থীদের বলেন, বিদায় মানে ছাত্রজীবনের শেষ নয়, সম্পর্কেরও সমাপ্তি নয়। ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি তার শিক্ষার্থীদের মানবসম্পদ বা মানবিক মূল্যবোধসম্পন্ন মানুষ হিসেবে গড়ে তোলার চেষ্টা করে। কারণ এ ধরনের মানুষ গড়ে না উঠলে দেশ ও সমাজের প্রকৃত উন্নয়ন হয় না। তিনি আরও বলেন, ইংরেজি ভাষা তোমরা শিখবে, কিন্তু বাংলাকে অবহেলা করে নয়। বঙ্গবন্ধু নয়াচীনে বাংলায় ভাষণ দিয়েছিলেন।

> প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বরণ ও বিদায় অনুষ্ঠানে উপাচার্য

প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, বৃহত্তর ভারতে ইস্ট ইন্ডিয়া কোম্পানি ব্যবসা করতে এসে ক্রমান্বয়ে এই উপমহাদেশকে নিজেদের অধীন করে নিল। তারই ফলশ্রুতিতে ইংরেজি ভাষা ও সাহিত্য এই উপমহাদেশে প্রসার লাভ করে।

সভাপতির বক্তব্যে সহযোগী অধ্যাপক সাদাত জামান খান ইংরেজি বিভাগে নবীন শিক্ষার্থীদের মনোযোগ সহকারে অধ্যয়নের পরামর্শ দেন। ইংরেজি বিভাগের জার্নাল 'ব্রিকোলাজ'-এর মোড়ক উন্মোচন শেষে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 24 June 2022, Page: 4, Col: 6
[https://esuprobhat.com/index.php?page=1&date=2022-06-24](https://esuprobhat.com/index.php?page=1&date=2022-06-24)